



নাগরিক সনদ (Citizen Charter)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মুন্সিগঞ্জ জেলা।

ভূমিকা

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) দেশের অন্যতম বৃহৎ প্রকৌশল সংস্থা। ৬০ এর দশকে পল্লীপুর্ন কর্মসূচি বাস্তবায়নের মধ্যদিয়ে কার্যক্রম শুরু করলেও সময়ের পরিক্রমায় এর পরিধি ব্যাপকভাবে বিস্তৃত হয়েছে। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে শুরু করে শহরের সীমানায়সড়ক যোগাযোগ এবং হাট-বাজার ও গ্রোথ সেন্টার উন্নয়নের মাধ্যমে গ্রামীণ অর্থনীতিকে গতিশীল করতে এলজিইডি যে অবদান রেখেছে তা আজ দৃশ্যমান, পাশাপাশি এলজিইডি শহর ও নগর অঞ্চলেও ভৌত অবকাঠামো উন্নয়নে ভূমিকা রাখছে এবং নগর স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে কারিগরি সহায়তা প্রদান ও এসব প্রতিষ্ঠানের পরিচালন ব্যবস্থা ও দক্ষতা উন্নয়নেও এলজিইডি বিশেষ ভূমিকা রাখছে। সারাদেশে ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে দেশের কৃষি ও মৎস্য উৎপাদন বৃদ্ধিতেও এলজিইডি বিশেষ ভূমিকা পালন করছে। মানুষের জীবনমান উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে পল্লির এসব অবকাঠামো ব্যাপক ভূমিকা রাখছে।

এলজিইডির মিশন ও ভিশন:

এলজিইডির মিশন:

স্থানীয় অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি ও অকৃষি খাতে উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের পরিচালন ব্যবস্থা উন্নীতকরণ এবং স্থানীয় পর্যায়ে দারিদ্র্য বিমোচনে অনুঘটক হিসেবে কাজ করা।

এলজিইডির ভিশন:

এলজিইডি সরকারি সংস্থা হিসেবে পেশাদারিত্ব, দক্ষতা ও কার্যকরভাবে নিয়োজিত পরস্পরসম্পর্কিত ও সহায়ক কার্যক্রমসমূহ বাস্তবায়নে ভূমিকা পালন করবে:

- সামাজিক ও পরিবেশগত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে জনগণ ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের অংশগ্রহণ নিশ্চিতকরণের মাধ্যমে পরিবহন, ব্যবসা-বাণিজ্য এবং ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন, রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনায় কাজ করবে।
- কারিগরি ও প্রাতিষ্ঠানিক সহায়তার মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা উন্নয়ন এবং স্থানীয় জনগোষ্ঠী ও অংশীজনের সেবা প্রদান করবে।

এলজিইডির মধ্য দায়িত্বাবলী:

পল্লী ও নগর অঞ্চলে অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন ও পরিবীক্ষণ
পল্লী অবকাঠামো রক্ষণাবেক্ষণ
গ্রোথ সেন্টার ও হাটবাজার উন্নয়নের পরিকল্পনা প্রণয়ন বাস্তবায়ন ও পরিবীক্ষণ
ইউনিয়ন, উপজেলা, জেলা পরিষদ ও পৌরসভাকে কারিগরি সহায়তা প্রদান
ইউনিয়ন, উপজেলা ও পৌরসভার প্লাস্টিক ম্যাপিং ও সড়ক এবং সামাজিক অবকাঠামোর ডাটাবেজ প্রস্তুতকরণ

ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ
বিভিন্ন মন্ত্রণালয়ের অবকাঠামো উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন ও পরিবীক্ষণ
জনপ্রতিনিধি, উপকারভোগী, ঠিকাদার চুক্তিবদ্ধ শ্রমিকদলসমূহের সংশ্লিষ্ট উন্নয়ন কর্মকাণ্ডে প্রশিক্ষণ/ডিজাইন ও অন্যান্য কারিগরি মডেল ম্যানুয়েল স্পেসিফিকেশন প্রণয়ন
এলজিইডির কর্মকর্তাকর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি-

নাগরিক সনদ (Citizen Charter)

ক্রমিক নং	সেবার নাম	সেবা প্রদানের সর্বোচ্চ সময়	প্রয়োজনীয় কাগজপত্র	প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরম প্রাপ্তিস্থান	সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি (যদি থাকে)	শাখার নাম সহ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীর পদবী অফিসিয়াল ফোন ও ইমেইল	উর্ধ্বতন কর্মকর্তার পদবী জেলা কোড সহ অফিসিয়াল ফোন ও ইমেইল
১	ঠিকাদারী লাইসেন্স	জুলাই-অক্টোবর	১. ট্রেড লাইসেন্স ২. ভ্যাট সনদ ৩. আয়কর সনদ ৪. ব্যাংক স্টেটমেন্ট ৫. ব্যবসায়িক নিবন্ধন ৬. এফিডেভিট ৭. নাগরিক সনদ ও চারিত্রিক সনদ	প্রশাসনিক শাখা, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়। এলজিইডি, মুন্সিগঞ্জ।	তালিকাভুক্ত ফ্রী ৫০০০টাকা নবায়ন ফি ২০০০টাকা পরিশোধ পদ্ধতিঃ ট্রেজারী চালানের মাধ্যমে	উচ্চমান সহকারি, প্রশাসনিক শাখা।	
২	সম্পাদিত কাজের বিল প্রদান (গুণগত মান সন্তোষজনক থাকা সাপেক্ষে)	০৩ (তিন) দিন (বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে)	ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজের বিল দাখিল প্রয়োজনীয় কাগজপত্র সহ	হিসাবরক্ষণ শাখা, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়। এলজিইডি, মুন্সিগঞ্জ।	চেক ও জেলা হিসাবরক্ষণ দপ্তর এর মাধ্যমে	হিসাবরক্ষক, হিসাব শাখা।	
৩	নির্মাণ কাজে ব্যবহৃত মালামালের গুণগতমান পরীক্ষা	০৭ (সাত) দিন, কিছু কিছু ক্ষেত্রে ২৮ দিন	আবেদনপত্র ও ফরওয়ার্ডিং সহ মালামালের নমুনা সিল গালা অবস্থায় জমাদান	ল্যাবরেটরী বা পরীক্ষাগার শাখা, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়। এলজিইডি, মুন্সিগঞ্জ।	ট্রেজারী চালানের মাধ্যমে প্রয়োজনীয় ল্যাবরেটরী টেস্টফি সরকারি কোষাগারে জমাদান	সহকারী প্রকৌশলী, ল্যাবরেটরী টেকনিশিয়ান, ল্যাবরেটরী শাখা। ইমেইলঃ aec.munshiganj@lged.gov.bd	নির্বাহী প্রকৌশলী। এলজিইডি, মুন্সিগঞ্জ। ইমেইলঃ xen.munshiganj@lged.gov.bd ও য়েবসাইটঃ www.lged.gov.bd
৪	এলজিইডির অফিসিয়াল কাজে ব্যবহৃত যানবাহন ও নির্মাণ কাজে ব্যবহৃত রোডরোলার সংরক্ষণ ও সরবরাহ	০৩ (তিন) দিন	আবেদনপত্র	যান্ত্রিক শাখা, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়। এলজিইডি, মুন্সিগঞ্জ।	ব্যবহৃত যানবাহনের ব্যয় ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদান	মেকানিক্যাল ফোরম্যান, যান্ত্রিক শাখা।	
৫	এলজিইডির সড়ক কাটার অনুমতি	১৫ (পনের) দিন	আবেদনপত্র	প্রশাসনিক শাখা, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়। এলজিইডি, মুন্সিগঞ্জ।	আবেদনপত্র প্রাপ্তি সাপেক্ষে সরেজমিনে যাচাইয়াত্তে প্রয়োজনীয় ক্ষতিপূরণ ফি জমাদানসাপেক্ষে	হিসাবরক্ষক, হিসাব শাখা।	
৬	দরপত্র সংক্রান্ত	০৩ (তিন) দিন	Tender Document Vat Registration Income Tax Certificate Turnover Liquid Asset Certificate Update license photo copy Experience & Similar Work	প্রশাসনিক শাখা, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়। এলজিইডি, মুন্সিগঞ্জ।	দরপত্র সংক্রান্ত তথ্যকারিগরি সহায়তা দাপ্তরিক সহায়তা	সিনিয়র সহকারী প্রকৌশলী। ইমেইলঃ sr.ae.munshiganj@lged.gov.bd	